"মুজিব বর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী পরিচালকের কার্যালয়
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস
সিলেট।
ই-মেইল-demoadsylhet@yahoo.com

স্মারক নং-৪৯.০১.৫৮০০.০৮.০০.০০০০.২০২৩/ ২৪১৮ তারিখ : ১৬।০৪।২০২৩ ইং

প্রেরক : সহকারী পরিচালক
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস
সিলেট।

প্রাপক : মহা-পরিচালক
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো,
৮৯/২, কাকরাইল, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ : পরিচালক (প্রশাসন ও অর্থ)।

বিষয় : ২০২৩-২৪ অর্থ বছরের "বার্ষিক কর্মসম্পাদন চুক্তি"র খসড়া প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ বিইএমইটি'র স্মারক নং- ৪৯.০১.০০০০.০০২.১৬.০০৩.২৩, তারিখ : ০৬-০৪-২০২৩খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, বিএমইটি'র সহিত অত্র দপ্তর এর ২০২৩-২৪ অর্থ বছরের "বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)" এর খসড়া প্রতিবেদন আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসহিত প্রেরণ করা হইলো।

১৬/৪/২০২৩

(মীর কামরুল হোসেন)
সহকারী পরিচালক
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস
সিলেট।
ফোনঃ ০২-৯৯৬৬৪১১৭৮।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট

এবং

মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৩-৩০ জুন, ২০২৪

সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠানং |
|---|---|
| কর্ম সম্পাদনের সার্বিক চিত্র | ০৩ |
| প্রস্তাবনা | ০৪ |
| সেকশন ১ :রূপকল্প ,অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি | ০৫ |
| সেকশন ২ :বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব | ০৬ |
| সেকশন ৩ :কর্মসম্পাদন পরিকল্পনা | ০৭-১০ |
| **সংযোজনী ১: শব্দ সংক্ষেপ** | ১১ |
| **সংযোজনী ২**: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | ১২-১৩ |
| সংযোজনী ৩ :অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | ১৪-১৫ |

## জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the District Employment and Manpower Office, Sylhet)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

স্বচ্ছ ও নিরাপদ অভিবাসন নিশ্চিতকরণ এবং বৈদেশিক কর্মসংস্থান এর সুযোগ সৃষ্টির লক্ষ্যে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট, হবিগঞ্জ ও সুনামগঞ্জ জেলা থেকে বিদেশ গমনেচ্ছু কর্মীদের বাধ্যতামূলক রেজিস্ট্রেশন, ফিঙ্গারপ্রিন্ট গ্রহণ এবং ভিসা যাচাই সেবা প্রদান করে আসছে। সাম্প্রতিক ০৩ বছরে ৩৮০৪৬৯ জন পুরুষ এবং ১৪৪৪৮৭ জন বিদেশ গমনেচ্ছুক বিদেশগামী মহিলা কর্মীদের মোট ৫২৪৯৫৬ জন কর্মীর রেজিষ্ট্রেশন ও ফিঙ্গারপ্রিন্ট কার্যক্রম সম্পন্ন হয়েছে। অভিবাসন ব্যাবস্থাপনার মধ্যস্বত্বভোগী শ্রেণীর দৌরাত্ম হ্রাস, অভিবাসন বিষয়ক সুযোগ সুবিধা জনগণকে অবহিতকরণ, প্রবাসী কল্যাণ ও নিরাপদ অভিবাসনে সহায়ক তথ্য সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ডিইএমও, সিলেট এর আওতাধীন জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়ায় বিজ্ঞপ্তি প্রচার, পুস্তিকা, সচেতনতামুলক লিফলেট বিতরণ, পোস্টার, ফেস্টুন, ব্যানার, নিরাপদ অভিবাসন ও বৈধ পথে রেমিট্যান্স প্রেরণ বিষয়ক রেডিও প্রোমো ব্যাপকভাবে প্রচার ও প্রদর্শন করা হইয়াছে । ফলে মধ্যস্বত্বভোগী শ্রেণির দৌরাত্ম হ্রাস সম্ভব হইয়াছে এবং জনসচেতনতা বৃদ্ধি পাওয়ায় পরোক্ষ অভিবাসন ব্যয়ও হ্রাস পাইয়াছে এবং রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধি পাইয়াছে। বিগত ০৬/০১/২০২০ হতে ২৯/১২/২০২২ইং পর্যন্ত অভিবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি বাবদ ৩১০৭০০ টাকার শিক্ষা বৃত্তির চেক প্রদান করা হইয়াছে। বিদেশে মৃত কর্মীর পরিবারকে ০১/০১/২০১৮ হতে ৩১/১২/২০১৮ ইং পর্যন্ত ক্ষতিপুরন বাবদ ৯০৩০০০০০ টাকা অর্থের চেক বিতরন করা হইয়াছে এবং ১০/০৭/২০১৮ইং হতে ০৪/০২/২০১৯ইং পর্যন্ত ক্ষতিপুরন বাবদ ১৪৬৪০৮৪৯/- টাকার চেক বিতরন করা হয়েছে। কিন্তু মার্চ ২০১৯খ্রি: হতে শিক্ষাবৃত্তির অর্থ ও বিদেশে মৃত কর্মীর পরিবারকে আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ বাবদ অর্থ মৃতের পরিবারের সদস্যদের ব্যাংক হিসাব নম্বরের মাধ্যমে সরাসরি প্রেরণ করা হইতেছে।

- **সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

  * নিরাপদ অভিবাসনের লক্ষ্যে অভিবাসন ব্যবস্থাপনায় মধ্যস্বত্তভোগী শ্রেণি নির্মূল।
  * সচেতনতামূলক প্রচারণা, যুগোপযোগী সেবা জনগনের দোরগোঁড়ায় স্বল্প সময়ে পৌছানোর লক্ষ্যে নিজস্ব পরিবহন ও আনুষঙ্গিক আধুনিক যন্ত্রপাতি প্রয়োজন।
  * প্রয়োজনানুসারে জনবল বৃদ্ধি করা প্রয়োজন ।
  * বিদেশ প্রত্যাগত অভিবাসীদের পুনর্বাসন করা।

- **ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

  * ডিইএমও, সিলেট-কে অত্যাধুনিক প্রযুক্তিনির্ভর সেবামূখী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।
  * পেশাভিত্তিক বিভিন্ন ক্যাটাগরির কর্মীদের সমৃদ্ধ ও ফলপ্রসূ ডাটাবেজ প্রস্তুত।
  * নিরাপদ অভিবাসন নিশ্চিতকরণে মধ্যস্বত্বভোগী ও দালাল শ্রেণি নির্মূল।
  * প্রবাসী কর্মী/বিদেশ গমনেচ্ছু কর্মীদের স্বার্থ রক্ষা, কর্মস্থলে ঝুকি হ্রাস ইত্যাদি বিষয়ে ব্যাপক জনসচেতনতামূলক প্রচারণার মাধ্যমে তথ্যাবলী ও এ সংক্রান্ত সেবামূলক কার্যক্রম তৃণমূল পর্যায়ে পৌঁছানো।
  * জেলার আওতাধীন বিদেশ গমনেচ্ছু কর্মীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার-প্রচারণা।
  * প্রত্যাগত কর্মীদের কর্মসংস্থান ও পূণর্বাসনে সহায়তা প্রদান করা।

- **২০২৩-২০২৪ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

  * নিরাপদ অভিবাসন নিশ্চিতকরণে মধ্যস্বত্তভোগী দৌরাত্ম হ্রাস করা।
  * দেশের বেকারত্ব ও দারিদ্র বিমোচনের লক্ষ্যে বিদেশ গমনেচ্ছু কর্মীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ কর্মী হিসেবে গড়ে তোলা ও বৈধ উপায়ে বিদেশ গমনে উদ্বুদ্ধ করা।
  * অবৈধ অভিবাসন হ্রাস ও বিদেশ গমনেচ্ছু কর্মীগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি।
  * প্রচারণার মাধ্যমে বৈধ পথে রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধি।
  * বিদেশ গমনেচ্ছু ও প্রত্যাগত কর্মীদের সার্বিক সহায়তা প্রদান।

## প্রস্তাবনা

জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রুপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট

এবং

মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এর মধ্যে ২০২৩ সালের ................ মাসের ...................... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয় সমূহে সম্মত হলেন :

জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট এর রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি:

**১.১রূপকল্প(Vision) :**

বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধিতে সহায়তাকরণ,অভিবাসী কর্মীদের অধিকতর সুরক্ষায় কল্যাণ এবং নিরাপদ অভিবাসন নিশ্চিতকরণ।

**১.২অভিলক্ষ্য(Mission) :**

সুষ্ঠ ও সুসংহত অভিবাসন ব্যবস্থাপনার মাধ্যমে কর্মপ্রত্যাশী জনগোষ্ঠীর বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধিতে সহায়তা করা এবং অভিবাসী কর্মীদের সুরক্ষা, অধিকতর কল্যাণ ও অধিকার নিশ্চিতকরণে সহায়তা করা।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র :

১. বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধিতে সহায়তা করা।
২. নিরাপদ অভিবাসন এবং প্রবাসী ও বিদেশগমনেচ্ছু কর্মীদের কল্যাণ নিশ্চিতকরণে সহায়তাকরা এবং সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন করা।
৩. প্রবাসীকর্মী ও তার পরিবারের অধিকতর সুরক্ষায় বিভিন্ন কল্যাণ মূলক কার্যক্রম সম্পাদনে সহায়তা করা।
৪. রেমিট্যান্সের প্রবাহ বৃদ্ধিতে সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন করা।

**সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রি পরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)**

১) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (আইন/বিধি দ্বারা নির্ধারিত কার্যাবলি) :**

১. বিদেশ গমনেচ্ছু কর্মীদের নাম ডাটাবেজে নিবন্ধনকরণ এবং বায়োমেট্রিক ফিঙ্গার ইম্প্রেশন গ্রহণ ;

২. বিদেশ গমনেচ্ছু কর্মীদের অনলাইনে ভিসা যাচাই ;

৩. নিরাপদ অভিবাসন ও বৈধ উপায়ে রেমিটেন্স প্রবাহ বৃদ্ধিতে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ ;

৪. প্রবাসে মৃত কর্মীর মরদেহ দেশে আনয়ন ও দাফনে সহায়তাকরণ, মৃতের পরিবারকে আর্থিক অনুদান, ক্ষতিপূরণ ও অন্যান্য পাওনাদি প্রাপ্তিতে সহায়তা করা এবং প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষা বৃত্তি প্রদানে সহায়তা করা ;

৫. অভিবাসন বিষয়ক অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়নে সহায়তা করা এবং বিপদগ্রস্থ প্রবাসী কর্মীদের প্রয়োজনে আইনি সহায়তা প্রদান করা ;

সেকশন-২

জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্ম সম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্য মাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্ব প্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | ২০২২-২৩ (মার্চ-২৩ পর্যন্ত) | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| বিদেশেকর্মী প্রেরণে সহায়তাকরণ | বিদেশ গমনেচ্ছু কর্মীর রেজিস্ট্রেশন | সংখ্যা | ৬৯৪৬৯ | ৪৫৩৮৫ | ৫৫০০০ | ৫৮০০০ | ৬০০০০ | জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | ডিইএমও, সিলেট এর বার্ষিক প্রতিবেদন |
| | বিদেশ গমনেচ্ছু কর্মীর ফিঙ্গার ইম্প্রেশন গ্রহন | সংখ্যা | ৬৯৪৬৯ | ৪৫৩৮৫ | ৫৫০০০ | ৫৮০০০ | ৬০০০০ | | |
| নিরপদ অভিবাসন নিশ্চিতকরণ সহ অভিবাসন খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধিকরণ | অভিযোগ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | ডিইএমও, সিলেট এর বার্ষিক প্রতিবেদন |
| | বিদেশগামী কর্মীদের NOC প্রদান | সংখ্যা | ৩১৪৬ | ১৭৯২ | - | - | - | | |
| | অনলাইনে ভিসা যাচাই | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | | |
| | বিজ্ঞপ্তি প্রচার (ইলেক্ট্রনিক, প্রিন্ট) | সংখ্যা | ২ | ২ | ৪ | ৪ | ৬ | | |
| | অভিবাসন সংক্রান্ত পুস্তিকা/লিফলেট বিতরণ | সংখ্যা | ১২০০ | ৩০০০ | ৪০০০ | ৪০০০ | ৪০০০ | | |
| প্রবাসীকর্মীর পরিবারের অর্থনৈতিক সুরক্ষা ও শিক্ষার প্রসার | মৃত কর্মীর মরদেহ দাফনে সহায়তা প্রদান | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | ডিইএমও, সিলেট এর বার্ষিক প্রতিবেদন |
| | প্রবাসে মৃতের পরিবারের সদস্যদের মধ্যে আর্থিক অনুদান/ক্ষতিপূরণ প্রাপ্তিতে সহায়তা প্রদান | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | | |
| | প্রবাসীকর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানে সহায়তা | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | | |
| বৈদেশিক মুদ্রার প্রবাহ বৃদ্ধিতে সহায়তা করে উন্নত বাংলাদেশ বিনির্মাণে অর্থনীতিকে শক্তিশালীকরণ | সচেতনতামূলক তথ্য ও টিভিসি প্রচার (সামাজিক যোগাযোগ মাধ্যম ও ওয়েবসাইট) | সংখ্যা | ২ | ৩ | ৪ | ৫ | ৫ | জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | ডিইএমও, সিলেট এর বার্ষিক প্রতিবেদন |
| | প্রচার কার্যক্রম আয়োজিত (সভা/ব্রিফিং) | সংখ্যা | ১০ | ১২ | ১৩ | ১৪ | ১৪ | | |

সেকশন-৩

জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট এর কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপন | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩(মার্চ/২৩ পর্যন্ত) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| (১)বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধিতে সহায়তা | ২০ | (১) বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধিতে ও বিদ্যমান শ্রমবাজার সংরক্ষণে সহায়তাকরণ সংক্রান্ত। | (১.১.১) বিদেশ গমনেচ্ছু কর্মীদের রেজিস্ট্রেশন | সমষ্টি | সংখ্যা | ৮ | ৬৯৪৬৯ | ৪৫৩৮৫ | | | | | | | |
| | | | (১.১.২) বিদেশ গমনেচ্ছু কর্মীদের ফিঙ্গার ইম্প্রেশন গ্রহণ | সমষ্টি | সংখ্যা | ৮ | ৬৯৪৬৯ | ৪৫৩৮৫ | | | | | | | |
| (২) নিরাপদ অভিবাসন এবং প্রবাসী ও বিদেশ গমনেচ্ছু কর্মীদের কল্যাণ নিশ্চিতকরণে সচেতনতামূলক কার্যক্রম | ২৮ | (২.১) নিরাপদ অভিবাসন সংক্রান্ত বিধি বিধান প্রতিপালন পর্যবেক্ষণ | (২.১.১) অভিযোগ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ | গড় | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | (২.১.২) বিদেশগামী কর্মীর নিকট আত্মীয়গমনের ক্ষেত্রে NOC প্রদান | গড় | % | ৩ | ৩১৪৬ | ১৭৯২ | - | - | - | - | - | - | - |
| | | (২.২) সচেতনতামূলক কার্যক্রম সম্পাদন (নিরাপদ অভিবাসন/মধ্যস্বত্ব ভোগীর দৌরাত্ম হ্রাস/কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলা সংক্রান্ত) | (২.২.১) সামাজিক যোগাযোগ মাধ্যমে/ওয়েবসাইটে নিরাপদ অভিবাসন সংক্রান্ত তথ্য ও ভিডিও চিত্র প্রচার | সমষ্টি | সংখ্যা | ৫ | - | ২ | ২ | ১ | ১ | ১ | ১ | ৩ | ৪ |
| | | | (২.২.২) বিজ্ঞপ্তি প্রচার (ইলেক্ট্রনিক/প্রিন্টমিডিয়া) | সমষ্টি | সংখ্যা | ৫ | ২ | ২ | ৪ | ৩ | ২ | ১ | ১ | ৪ | ৬ |
| | | | (২.২.৩)লিফলেট/পুস্তিকা/পোস্টার/ফেষ্টুন বিতরণ | সমষ্টি | সংখ্যা | ৫ | ১২০০ | ৩০০০ | | | | | | | |
| | | | (২.২.৪)ভিসা/চাহিদাপত্র যাচাই (অনলাইন) | গড় | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক২০২২-২৩ | | | | | প্রক্ষেপন | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ (মার্চ/২০২৩ পর্যন্ত) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| (৩) প্রবাসী কর্মী ও তার পরিবারের অধিকতর সুরক্ষা ও কল্যাণমূলক কার্যক্রম | ১৩ | (৩.১) প্রবাসীকর্মী ও তার পরিবারের স্বার্থ সুরক্ষা ও কল্যাণ সংক্রান্ত | (৩.১.১) প্রবাসে মৃত কর্মীর মরদেহ দাফনে সহায়তা করা। | গড় | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | (৩.১.২) মৃত প্রবাসী কর্মীর পরিবারের সদস্যদের আর্থিক অনুদান/ ক্ষতিপূরণ প্রাপ্তিতে সহায়তা করা। | গড় | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | (৩.১.৩) প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রাপ্তিতে সহায়তা করা। | গড় | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| (৪) রেমিট্যান্সের প্রবাহ বৃদ্ধিতে সহায়তা প্রদান | ৯ | (৪.১)বৈধ উপায়ে বৈদেশিক মুদ্রাপ্রেরণে বিদেশগামী কর্মীদের উদ্বুদ্ধকরণ | (৪.১.১) বৈধ উপায়ে রেমিটেন্স প্রেরণ বিষয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে/ওয়েবসাইটে টিভিসি/তথ্য প্রচার | সমষ্টি | সংখ্যা | ৪ | ১ | ১ | ২ | ২ | ১ | ১ | ১ | ২ | ২ |
| | | | (৪.১.২) উদ্বুদ্ধকরণ সভা/ব্রিফিং আয়োজন | সমষ্টি | সংখ্যা | ৫ | ৮ | ৮ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১১ | ১২ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক২০২২-২৩ | | | | | প্রক্ষেপন | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ (মার্চ/২০২৩ পর্যন্ত) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | ১. শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | --- | --- | | | | | | | |
| | | ২. ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | ১০ | --- | --- | | | | | | | |
| | | ৩. তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | ৩ | --- | --- | | | | | | | |
| | | ৪. অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | ৪ | --- | --- | | | | | | | |
| | | ৫. সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | ৩ | --- | --- | | | | | | | |

আমি সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট  মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো,  সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

............................................
সহকারী পরিচালক
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট

...............................
তারিখ

...............................................
মহাপরিচালক
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

...............................
তারিখ

## সংযোজনী-১

### শব্দ-সংক্ষেপ (Acronyms)

| ক্রমিকনম্বর | শব্দ-সংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিএমইটি | ব্যুরো অব ম্যানপাওয়ার এমপ্লয়মেন্ট এন্ড ট্রেনিং<br>(জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো) |
| ২ | টিটিসি | টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র) |
| ৩ | ডিইএমও | ডিষ্ট্রিক্ট এমপ্লয়মেন্ট এন্ড ম্যানপাওয়ার অফিস<br>(জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস) |

সংযোজনী-২

জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট এর কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১] বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধিতে ও বিদ্যমান শ্রমবাজার সংরক্ষণে সহায়তাকরণ সংক্রান্ত। | (১.১) বিদেশ গমনেচ্ছু কর্মীদের রেজিস্ট্রেশন | রেজিস্ট্রেশন ও ফিঙ্গার শাখা, ডিইএমও, সিলেট | ডিইএমও, সিলেট এর বার্ষিক প্রতিবেদন |
| | (১.২) বিদেশ গমনেচ্ছু কর্মীদের ফিঙ্গার ইম্প্রেশন গ্রহণ | রেজিস্ট্রেশন ও ফিঙ্গার শাখা, ডিইএমও, সিলেট | ডিইএমও, সিলেট এর বার্ষিক প্রতিবেদন |
| (২) নিরাপদ অভিবাসন সংক্রান্ত বিধি বিধান প্রতিপালন পর্যবেক্ষণ। | (২.১) অভিযোগ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ | অভিযোগ ও প্রচারণা শাখা, ডিইএমও, সিলেট | ডিইএমও, সিলেট এর বার্ষিক প্রতিবেদন |
| (৩) সচেতনতামূলক কার্যক্রম সম্পাদন (নিরাপদ অভিবাসন/ মধ্যস্বত্ব ভোগীর দৌরাত্ম হ্রাস/কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলা সংক্রান্ত) | (৩.১) সামাজিক যোগাযোগ মাধ্যমে/ওয়েবসাইটে নিরাপদ অভিবাসন সংক্রান্ত তথ্য ও ভিডিও চিত্র প্রচার | অভিযোগ ও প্রচারণা শাখা/ বহির্গমন শাখা, ডিইএমও, সিলেট | সামাজিক যোগাযোগ মাধ্যমে/ওয়েবসাইটে প্রচারণার ছবি/ভিডিও |
| | (৩.২) বিজ্ঞপ্তি প্রচার (ইলেক্ট্রনিক/প্রিন্টমিডিয়া) | অভিযোগ ও প্রচারণা শাখা, ডিইএমও, সিলেট | বিজ্ঞপ্তির কপি |
| | (৩.৩) লিফলেট/পুস্তিকা/পোস্টার/ফেষ্টুনবিতরণ | অভিযোগ ও প্রচারণা শাখা, ডিইএমও, সিলেট | লিফলেট/পুস্তিকা/পোস্টার/ফেষ্টুন এর কপি ও বিতরণের তালিকা |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়ন কারী শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৪]ভিসা যাচাই (অনলাইন) | (৪.১) ভিসা/চাহিদাপত্র যাচাই (অনলাইন) | বহির্গমন শাখা, ডিইএমও, সিলেট | ভিসা যাচাই সংক্রান্ত প্রতিবেদন |
| (৫) প্রবাসী কর্মী ও তার পরিবারের স্বার্থ সুরক্ষা ও কল্যাণ সংক্রান্ত | (৫.১) প্রবাসে মৃত কর্মীর মরদেহ দাফনে সহায়তা করা। | কল্যাণ শাখা, ডিইএমও, সিলেট | ডিইএমও, সিলেট এর বার্ষিক প্রতিবেদন |
| | (৫.২) মৃত প্রবাসী কর্মীর পরিবারের সদস্যদের আর্থিক অনুদান/ ক্ষতিপূরণ ও অন্যান্য পাওনাদি প্রাপ্তিতে সহায়তা করা। | কল্যাণ শাখা, ডিইএমও, সিলেট | ডিইএমও, সিলেট এর বার্ষিক প্রতিবেদন |
| | (৫.৩) প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রাপ্তিতে সহায়তা করা। | কল্যাণ শাখা, ডিইএমও, সিলেট | ডিইএমও, সিলেট এর বার্ষিক প্রতিবেদন |
| (৬)বৈধ উপায়ে বৈদেশিক মুদ্রা প্রেরণে বিদেশগামী কর্মীদের উদ্বুদ্ধকরণ | (৬.১)উদ্বুদ্ধকরণ সভা/ব্রিফিংআয়োজন | কল্যাণ শাখা/ রেজিষ্ট্রেশন ও ফিঙ্গার শাখা/অভিযোগ ও প্রচারণা শাখা , ডিইএমও, সিলেট | সভার কার্যবিবরণী ও ছবি |
| | (৬.২)বৈধ উপায়ে রেমিটেন্স প্রেরণ বিষয়ক তথ্য ও টিভিসি/ভিডিও প্রচার। ( সামাজিক যোগাযোগ মাধ্যম/ওয়েবসাইট) | বহির্গমন শাখা/ অভিযোগ ও প্রচারণা শাখা , ডিইএমও, সিলেট। | সামাজিক যোগাযোগ মাধ্যম/ওয়েবসাইটে প্রচারণার ছবি/ভিডিও/টিভিসি। |

সংযোজনী-৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যে সকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধিতে ও বিদ্যমান শ্রমবাজার সংরক্ষণে সহায়তা করা। | বিদেশ গমনেচ্ছু কর্মীদের রেজিষ্ট্রেশন | জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | সময় সময় রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্দেশনা ও জারিকৃত পরিপত্রানুযায়ী ডিইএমও, সিলেট হতে বিদেশ গমনেচ্ছু কর্মীর রেজিষ্ট্রেশন করা হয়। |
| বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধিতে ও বিদ্যমান শ্রমবাজার সংরক্ষণে সহায়তা করা। | বিদেশ গমনেচ্ছু কর্মীদের ফিঙ্গার ইম্প্রেশন গ্রহণ | জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | সময় সময় বায়োমেট্রিক ফিঙ্গার ইম্প্রেশন সংক্রান্ত নির্দেশনা ও জারিকৃত পরিপত্র এবং সঠিক ভিসার প্রেক্ষিতে ডিইএমও, সিলেট হতে বিদেশ গমনেচ্ছু কর্মীর ফিঙ্গার ইমপ্রেশন গ্রহণ করা হয়। |
| নিরাপদ অভিবাসন সংক্রান্ত বিধি বিধান প্রতিপালন পর্যবেক্ষণ | অভিযোগ নিস্পত্তির উদ্যোগ গ্রহণ | জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | বিদেশ গমনেচ্ছু কর্মী/ প্রবাসী কর্মী / প্রবাসী কর্মীর পরিবার থেকে প্রাপ্ত অভিযোগ সমূহ নিস্পত্তি করা জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এর এখতিয়ারভুক্ত। এছাড়া কিছু কল্যাণ সংক্রান্ত কাজের অভিযোগসমূহ নিস্পত্তি করা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের এখতিয়ারভুক্ত। |
| সচেতনতামূলক কার্যক্রম সম্পাদন (নিরাপদ অভিবাসন/ মধ্যস্বত্বভোগীর দৌরাত্ম হ্রাস/কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলা সংক্রান্ত) | সামাজিক যোগাযোগ মাধ্যমে/ ওয়েবসাইটে নিরাপদ অভিবাসন সংক্রান্ত তথ্য ও ভিডিও চিত্র প্রচার | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীনস্থ জেলা তথ্য অফিস, সিলেট। | জেলা ও উপজেলা পর্যায়ে নিরাপদ অভিবাসন এবং মধ্যস্বত্বশ্রেণীর দৌরাত্ম হ্রাসে টিভিসি/ ভিডিও /বিভিন্ন সচেতনতামূলক তথ্যের প্রচারণা জেলা তথ্য অফিসের মাধ্যমে করা হয়। |
| সচেতনতামূলক কার্যক্রম সম্পাদন (নিরাপদ অভিবাসন/ মধ্যস্বত্বভোগীর দৌরাত্ম হ্রাস/কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলা সংক্রান্ত) | বিজ্ঞপ্তি প্রচার (ইলেক্ট্রনিক/প্রিন্ট মিডিয়া) | রেডিও , সিলেট | নিরাপদ অভিবাসন এবং মধ্যস্বত্বশ্রেণীর দৌরাত্ম হ্রাসে সচেতনতামূলকবিজ্ঞপ্তিরেডিও পল্লী কন্ঠ, সিলেট এর মাধ্যমে প্রচার করা হয়। |
| সচেতনতামূলক কার্যক্রম সম্পাদন (নিরাপদ অভিবাসন/ মধ্যস্বত্বভোগীর দৌরাত্ম হ্রাস/কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলা সংক্রান্ত) | লিফলেট/পুস্তিকা/পোস্টার/ ফেষ্টুন বিতরণ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র(টিটিসি) এবং উপজেলা প্রশাসন ও ইউনিয়ন পরিষদ | উপজেলা ও ইউনিয়ন পর্য্যায়ে নিরাপদ অভিবাসন এবং মধ্যস্বত্বশ্রেণীর দৌরাত্ম হ্রাসে সচেতনতামূলক লিফলেট/পুস্তিকা/পোস্টার/ফেষ্টুন উপজেলা প্রশাসন, ইউনিয়ন পরিষদ এবং কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র(টিটিসি) এর সহায়তায় তৃণমূল পর্যায়ে পৌছানোর জন্য বিতরণ করা হয়। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যে সকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| প্রবাসী কর্মী ও তার পরিবারের স্বার্থ সুরক্ষা ও কল্যাণ সংক্রান্ত | প্রবাসে মৃত কর্মীর মরদেহ দাফনে সহায়তা করা। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এবং বাংলাদেশ দূতাবাস সমূহ | মৃত প্রবাসী কর্মীর পরিবার হতে প্রাপ্ত আবেদন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এ প্রেরণের মাধ্যমে দূতাবাসের সহযোগিতায় মরদেহ দাফনে সহায়তা করা হয়। |
| প্রবাসী কর্মী ও তার পরিবারের স্বার্থ সুরক্ষা ও কল্যাণ সংক্রান্ত | মৃত প্রবাসী কর্মীর পরিবারের সদস্যদের আর্থিক অনুদান/ ক্ষতিপূরণ ও অন্যান্য পাওনাদি প্রাপ্তিতে সহায়তা করা। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | ডিইএমও, রংপুরে মৃত প্রবাসী কর্মীর পরিবার কর্তৃক আর্থিক অনুদান/ক্ষতিপূরণ/অন্যান্য পাওনাদি প্রাপ্তিতে দাখিলকৃত কাগজপত্রাদি এর অনুমোদন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর এখতিয়ারভুক্ত। |
| প্রবাসী কর্মী ও তার পরিবারের স্বার্থ সুরক্ষা ও কল্যাণ সংক্রান্ত | প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা বৃত্তি প্রাপ্তিতে সহায়তা করা। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা বৃত্তি এর অনুমোদন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর এখতিয়ারভুক্ত। |
| বৈধ উপায়ে বৈদেশিক মুদ্রা প্রেরণে বিদেশগামী কর্মীদের উদ্বুদ্ধকরণ | বৈধ উপায়ে রেমিটেন্স প্রেরণ বিষয়ক তথ্য ও টিভিসি/ভিডিও প্রচার। (সামাজিক যোগাযোগ মাধ্যম/ওয়েব সাইট) | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীনস্থ জেলা তথ্য অফিস, সিলেট | জেলা ও উপজেলা পর্যায়ে বৈধ উপায়ে বৈদেশিক মুদ্রা প্রেরণ বিষয়ক তথ্য ও টিভিসি/ভিডিও জেলা তথ্য অফিসের মাধ্যমে প্রচার করা হয়। |